

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর।

সভাপতি
জেলা আক্তার
মহিলা ভাইচ চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর।

সভার স্থান : সভাপতি মহোদয়ের কার্যালয়, সরিষাবাড়ী, জামালপুর।
সভার তারিখ ও সময় : ১০

১৪/১০/২০২৩ খ্রি: , বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য বৃন্দ : পরিশিষ্ট ক

০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

০২। ২০২৩-২৪ অর্থ বছরে প্রকল্প/ কর্মসূচীর লক্ষ্যমাত্রা ও ঋণ কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

০৩। বিবিধ।


আলোচ্যসূচী-০১: অধ্যকার সভায় সম্মানিত সভাপতি, জনাব জেলা আক্তার, মহিলা ভাইচ চেয়ারম্যান এর সভাপতিত্বে সভার কাজ আরম্ভ করা হয়। সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সদস্য সচিব জনাব মো: সালাউদ্দিন সরকার বিগত সভার কার্যবিবরণী ধারাবাহিকভাবে পাঠ করে শুনানোর পর কোন সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।

আলোচ্যসূচী-০২: ২০২৩-২৪ অর্থ বছরে প্রকল্প/ কর্মসূচীর লক্ষ্যমাত্রা ও ঋণ কার্যক্রম বিষয়ে আলোচনা : অত্র সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সদস্য সচিব জানান যে, অত্র অফিসে মূল কর্মসূচীসহ আবর্তক, সমন্বিত দারিদ্র বিমোচন কর্মসূচী(সেদাবিক), পল্লী প্রগতি কর্মসূচী, বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্মকর্মসংস্থান কর্মসূচী, সেচ যন্ত্র ও মহিলা উন্নয়ন কর্মসূচীসহ মোট ০৮ টি প্রকল্প/ কর্মসূচীর চলতি বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১৭৯.৬৮ লক্ষ টাকা। অক্টোবর/২০২৩ পর্যন্ত বিতরণ হয়েছে ৪৩.৬২ লক্ষ টাকা এবং আদায় হয়েছে ৩৫.৮১ লক্ষ টাকা। খেলাপী ঋণ ১১৩.৪৮ লক্ষ টাকা। দীর্ঘ দিন হলো খেলাপী টাকা গুলো মাঠে পড়ে থাকায় সঠিকভাবে কার্যক্রম চালাতে সমস্যা হচ্ছে অর্থাৎ চলমান সমিতি গুলোতে টাকার পরিমাণ বাড়ানো সম্ভব যাচ্ছে না। এছাড়া অপ্রধান শস্য কর্মসূচীর আওতায় ৪০ জন সুবিধাভোগী সদস্য কে ০৩(তিন) দিন ব্যাপী দক্ষত উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত : অত্র সভায় উপস্থিত সকলের সিদ্ধান্তের আলোকে প্রতিটি প্রকল্প/কর্মসূচী/সমিতি বা সদস্যদের অনুকূলে প্রাথমিক পর্যায়ে নোটিশ প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হলো। এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ইউআরডিও মহোদয়কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত: উপস্থিত সকল সদস্য বৃন্দের সিদ্ধান্ত মোতাবেক ২০২৩-২৪ অর্থ বছরে সকল /কর্মসূচীর কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে পরিচালনা করার জন্য ইউআরডিও মহোদয়কে অনুরোধ জানানো হয়।

বিবিধ: আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।



(জেলা আক্তার)

মহিলা ভাইচ চেয়ারম্যান

ও

সভাপতি


পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত কমিটি

সরিষাবাড়ী, জামালপুর।

অনুলিপি সদয় অবগতির জন্য

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।


০২। উপজেলা নির্বাহী অফিসার সরিষাবাড়ী, জামালপুর



মো: সালাউদ্দিন সরকার (ই-৩৯৭৬)
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
সরিষাবাড়ী, জামালপুর।

উপস্থিত সদস্যের স্বাক্ষর

তারিখ: ১৪/১০/২০২৩খ্রি:

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জেলাী আন্তার মহিলা ভাইচ চেয়ারম্যান, উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।	সভাপতি	
০২	আশরাফুল আলম মানিক চেয়ারম্যান ২ নং পোগলদিঘা ইউনিয়ন পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
০৩	মো: নজরুল ইসলাম চেয়ারম্যান ৫নং পিংনা ইউনিয়ন পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য	
০৪	মো: আ:হালিম উপজেলা সমবায় অফিসার সরিষাবাড়ী, জামালপুর অ	সদস্য	
০৫	মো: সালাউদ্দিন সরকার উপজেলা পল্লী উন্নয়ন অফিসার বিআরডিবি, সরিষাবাড়ী, জামালপুর।	সদস্য সচিব	